গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
dpe.mymensinghdiv.gov.bd

স্মারক নং ৩৮.৪৫.০০০০.০০০.৯৯.০৬৮.১৯.১০৩৩

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৯
২৩ নভেম্বর ২০২২

**প্রাথমিক শিক্ষা ময়মনসিংহ বিভাগের শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধি সংক্রান্ত কর্মকর্তা ও অভিভাবকগণের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোহাম্মদ রকিব উদ্দিন
বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ।
সভার তারিখ ও সময়: ২২ নভেম্বর ২০২২, সকাল: ৯:৩০ টায়।
Zoom ID : 2092405137
Password : urc2003

সভাপতি ও বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর সম্মতিক্রমে সভার কার্যক্রম শুরু হয়। সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপারিনটেনডেন্টসহ সকল পর্যায়ের কর্মকর্তা, শিক্ষক, মা ও অভিভাবকগণ যথাসময়ে সংযুক্ত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় প্রধান অতিথি হিসেবে গুরুত্বপূর্ণ ও দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন সৈয়দ মামুনুল হক অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয়। তিনি বিভাগের শিক্ষক/কর্মকর্তাগণকে পাঠ্যবইসহ দেশের আর্থ সামাজিক ও অর্থনৈতিক সম্পর্কিত দৈনিক পত্রিকার লেখনীগুলো নিয়মিত পড়ার প্রতি গুরুত্বারোপ করেন। এ বিষয়ে আরোও সচেতনতার জন্য দেশের বাহিরের উদাহরণ বর্ণনা করেন। তিনি বৈশ্বিক বিভিন্ন সমস্যা মোকাবেলায় সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য নির্দেশনা দেন। তিনি বলেন অভিভাবকগণ হচ্ছেন বুদ্ধি, প্রজ্ঞা ও ভালোবাসা ইত্যাদির প্রতীক। তাই শিক্ষক ও অভিভাবক সকলকেই টার্গেটভিত্তিক কার্যক্রম নির্ধারণ করতে হবে। তিনি উপস্থিত মা ও অভিভাবকগণের সাথে শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধি, শিখন-শেখানো কার্যক্রম, শিশুর পরিচ্ছন্নতা ও পুষ্টি নিয়ে মতবিনিময় করেন। সভাপতি অতিরিক্ত মহাপরিচালক মহোদয়কে ধন্যবাদ জানিয়ে উদ্বোধনী পর্বের কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করার জন্য বিভাগীয় কার্যালয়ের শিক্ষা অফিসার জনাব মো: শফিকুল ইসলাম-কে নির্দেশনা প্রদান করেন। সভার বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ১ | শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি | সভাপতি জানান অনেক ছাত্র-ছাত্রী বিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছে অথবা অন্যত্র চলে গেছে। মা/অভিভাবক সমাবেশের মাধ্যমে তাদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার প্রতি গুরুত্বারোপ করেন। আলোচনায় বিভাগের ৪টি জেলার শিক্ষক,কর্মকর্তা ও মা/অভিভাবকবৃন্দ শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধির বিষয়ে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও শ্রেণিভিত্তিক মা সমাবেশের আয়োজন করে যাচ্ছেন বলে জানান। এছাড়াও প্রতিমাসে সমাবেশের মাধ্যমে ও ফোনে অথবা বাড়ী-বাড়ী যেয়ে অভিভাবকগণকে মোটিভেশন দিয়ে শতভাগ উপস্থিতি বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এছাড়াও অংশগ্রহণকারীগণ প্রাথমিকের অর্জনগুলোর প্রচারের মাধ্যমে উপস্থিতি বৃদ্ধির বিষয়ে মত প্রকাশ করেন। | (১) কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকায় অনেক ছাত্র-ছাত্রী বিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছে। মা/অভিভাবক সমাবেশের মাধ্যমে তাদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও শ্রেণিভিত্তিক মা/অভিভাবক সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) প্রতিমাসে অভিভাবক সমাবেশের মাধ্যমে ও ফোনে অথবা বাড়ী-বাড়ী যেয়ে অভিভাবকগণকে মোটিভেশন দিয়ে শতভাগ উপস্থিতি বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) প্রাথমিকের অর্জনগুলোর প্রচারের মাধ্যমে উপস্থিতি বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।<br>২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)।<br>৪। ইন্সট্রাক্টর (সকল)।<br>৫। শিক্ষক (সকল)। |
| ২ | হোম ভিজিট সংক্রান্ত | সভাপতি জানান যে সকল শিশু দীর্ঘদিন যাবত বিদ্যালয়ে অনুপস্থিত, সেসকল ছাত্র-ছাত্রীদের নিয়মিত হোমভিজিট, টেলিফোন ও বাড়ী-বাড়ী গিয়ে বিদ্যালয়ে ফিরিয়ে আনতে উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। আলোচনায় অনুপস্থিত শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে অনুপস্থিতির তালিকা তৈরী পূর্বক তা রেজিস্টারে অন্তর্ভুক্ত করে তাদের অভিভাবকদের নিয়ে বিশেষ সমাবেশ করে বিদ্যালয়ে ফিরিয়ে আনার প্রতি গুরুত্বারোপ করেন। এছাড়াও সভায় উপস্থিত শিক্ষকবৃন্দ জানান নিয়মিত উপস্থিত শিক্ষার্থীদের গ্রুপ তৈরীর মাধ্যমে একই এলাকায় অবস্থিত অনুপস্থিত শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | (১) যে সকল শিশু দীর্ঘদিন যাবত বিদ্যালয়ে অনুপস্থিত, নিয়মিত হোমভিজিট, টেলিফোন ও বাড়ী-বাড়ী গিয়ে সেসকল ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) অনুপস্থিত শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে অনুপস্থিতির তালিকা তৈরী পূর্বক তা রেজিস্টারে অন্তর্ভুক্ত করে তাদের অভিভাবকদের নিয়ে বিশেষ সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) নিয়মিত উপস্থিত শিক্ষার্থীদের গ্রুপ তৈরীর মাধ্যমে একই এলাকায় অবস্থিত অনুপস্থিত শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার বিষয়ে উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।<br>২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)।<br>৪। ইন্সট্রাক্টর (সকল)।<br>৫। শিক্ষক (সকল)। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ৩ | শিখন ঘাটতি পূরণ সংক্রান্ত আলোচনা | সভাপতি জানান কোভিড-১৯ এর কারণে দীর্ঘ দিন বিদ্যালয় বন্ধ থাকার কারণে ছাত্র-ছাত্রীদের শিখন শেখানো যে ঘাটতি হয়েছে তা পূরণ করার লক্ষ্যে অফ পিরিয়ডে ছাত্র-ছাত্রীদের নিয়ে ক্লাস করানোর প্রতি গুরুত্ব আরোপ করেন। বিভাগের ৪টি জেলার শিক্ষক,কর্মকর্তা ও মা/অভিভাবকবৃন্দ শিখন ঘাটতি পূরণ বিষয়ে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও শ্রেণিভিত্তিক মা সমাবেশের আয়োজন করে সকলকে সচেতন করে যাচ্ছেন বলে জানান। | (১) কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকার কারণে ছাত্র-ছাত্রীদের শিখন শেখানো যে ঘাটতি হয়েছে তা পূরণ করার লক্ষ্যে অফ পিরিয়ডে ছাত্র-ছাত্রীদের নিয়ে ক্লাস করানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) শিক্ষক,কর্মকর্তা ও মা/অভিভাবকবৃন্দ সকলে শিখন ঘাটতি পূরণের বিষয়ে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও শ্রেণিভিত্তিক মা সমাবেশের আয়োজন করে সকলকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।<br>২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)।<br>৪। ইন্সট্রাক্টর (সকল)।<br>৫। শিক্ষক (সকল)। |
| ৪ | পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ সংক্রান্ত আলোচনা | আলোচনায় অংশগ্রহণকারী সকলে জানান বিদ্যালয়সহ আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ ব্যাপারে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণের সহযোগিতা করবেন। সকল পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিদর্শনকালে বিষয়টি বাস্তবায়ন হচ্ছে কিনা যাচাই করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) বিদ্যালয়সহ আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়টি প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণের নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সকল পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিদর্শনকালে বিষয়টি যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার (সকল)।<br>২। ইন্সট্রাক্টর (সকল)।<br>৩। শিক্ষক (সকল)। |
| ৫ | দুপুরের খাবার নিশ্চিতকরণ | সভাপতি ছাত্র-ছাত্রীরা যেন দুপুরে মায়ের হাতের খাবার খেতে পারে সে ব্যাপারে মায়েদের প্রতি আহবান জানান। | ছাত্র-ছাত্রীরা যাতে দুপুরে মায়ের হাতের খাবার খেতে পারে সে ব্যাপারে মায়েদের উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার (সকল)।<br>২। ইন্সট্রাক্টর (সকল)।<br>৩। শিক্ষক (সকল)। |
| ৬ | স্বাস্থ্যবিধি অনুসরণ সম্পর্কিত | সভাপতি জানান স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক পাঠদান করার প্রতি গুরুত্বারোপ করেন। শিশুর পুষ্টি ও সমসাময়িক সমস্যা সমাধানে মা/অভিভাবকসহ সকলকে পরামর্শ প্রদান করেন। | স্বাস্থ্যবিধি মেনে পাঠদান করাসহ শিশুর পুষ্টি ও সমসাময়িক সমস্যা সমাধানে মা/অভিভাবকসহ সকলকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।<br>২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)।<br>৪। ইন্সট্রাক্টর (সকল)।<br>৫। শিক্ষক (সকল)। |
| ৭ | বইপড়া পাক্ষিক সম্পর্কিত আলোচনা | সভাপতি জানান শুধু পরীক্ষা দিয়ে শিশুকে বিদ্যালয়ে ধরে রাখা যাবেনা। এক্ষেত্রে মান সম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে হবে। এজন্য তিনি ডিসেম্বর ২০২২ মাসের ১৭-৩১ তারিখ অর্থ্যাৎ শেষ ১৫ দিন শিক্ষক ও কর্মকর্তাগণ প্রাথমিকের সকল শ্রেণির বই, শিক্ষক সংস্করণ ও শিক্ষক সহায়িকা পড়তে হবে এবং বুঝতে হবে। উক্ত বই স্কুলের লাইব্রেরী থেকে পর্যায়ক্রমে গ্রহণ করবেন এবং পড়া শেষে জমা দিবেন। যা লাইব্রেরীর রেজিস্টারে উল্লেখ থাকবে। | ডিসেম্বর ২০২২ মাসের ১৭-৩১ তারিখ অর্থ্যাৎ শেষ ১৫ দিন শিক্ষক ও কর্মকর্তাগণ প্রাথমিক বিদ্যালয়ের সকল পাঠ্যপুস্তক, শিক্ষক সংস্করণ এবং শিক্ষক সহায়িকা পড়তে হবে এবং বুঝতে হবে। | ১। উপপরিচালক।<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।<br>৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।<br>৪। এডিপিইও (সকল)<br>৫। সহকারী সুপারিনটেনডেন্ট (সকল)।<br>৬। ইউইও (সকল)।<br>৭। ইন্সট্রাক্টর (সকল)।<br>৮। এইউইও (সকল)<br>৯। সহ: ইন্স:(সকল)।<br>১০। শিক্ষক (সকল)। |

পরিশেষে সভাপতি সকল সদস্যকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১১/২০২২

(মোহাম্মদ রকিব উদ্দিন)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ
ময়মনসিংহ।
02-997710283
ddpmymen@gmail.com

স্মারক নং ৩৮.৪৫.০০০০.০০০.৯৯.০৬৮.১৯.১০৬৩

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৯
২৩ নভেম্বর ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২৬।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬। সংরক্ষণ নথি।

E:\APA (এপিএ)\2022-23\উপস্থিতি বৃদ্ধি সংক্রান্ত\Resulation.docx